শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
kasbauwao@gmail.com

বাল্যবিবাহ একটি
শাস্তিযোগ্য অপরাধ

স্মারক নং- ৩২.০১.১২৬৩.০০০.০৬.০১১.১৮-১১১ তারিখঃ ০৬/০৮/২০২৩খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির এক সভা আগামী ০৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কসবা উপজেলা পরিষদ এর মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন কমিটির সম্মানিত সভাপতি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারহানা সিদ্দিকী।

কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

06.08.2023

রওনক ফারজানা রুবা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কসবা,ব্রাহ্মণবাড়িয়া।
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
কসবা,ব্রাহ্মণবাড়িয়া

প্রাপক

....

কসবা,ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৩২.০১.১২৬৩.০০০.০৬.০১১.১৮-১১১ তারিখঃ ০৬/০৮/২০২৩ খ্রি.।

অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
০২। উপজেলা নির্বাহী অফিসার কসবা,ব্রাহ্মণবাড়িয়া।
০৩। উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। অফিস কপি।

06.08.2023

রওনক ফারজানা রুবা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কসবা,ব্রাহ্মণবাড়িয়া।
ও
সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
কসবা,ব্রাহ্মণবাড়িয়া।

CS CamScanner

মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ফারহানা সিদ্দিকী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

সভার তারিখ ও সময় : ০৮/০৮/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, কসবা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ পরিশিষ্ট''ক''

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভার আলোচ্যসুচী অনুযায়ী তার দপ্তরে মহিলাদের উন্নয়নে কি কি কার্যক্রম চালু আছে তা উপস্থাপনের অনুরোধ জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জানান, তার দপ্তরে মহিলাদের উন্নয়নে বিভিন্ন ধরনের উন্নয়ন কার্যক্রম চালু আছে। যার মধ্যে মহিলাদের উন্নয়নে ভিডব্লিউবি কর্মসুচী,মা ও শিশু সহায়তা কর্মসূচী , দু:স্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি, মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম, মহিলাদের আত্ননির্ভরশীল করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম , নির্যাতিত নারীদের সহায়তা করার জন্য নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, নারী উদ্যোক্তা তৈরীর জন্য স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে নিবন্ধন ও অনুদান প্রদান,সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর-কিশোরীদের বাল্যবিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধে সক্ষম করার জন্য কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ইত্যাদি কার্যক্রম চালু আছে।এছাড়া নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ,যৌতুক, নারী নির্যাতন, যৌন হয়রানী, নারীর আইনগত অধিকার ইত্যাদি বিষয়ে উঠান বৈঠক ও আলোচনার সভার মাধ্যমে সকলকে সচেতন করা হচ্ছে।

চেয়ারম্যান বাদৈর ইউনিয়ন পরিষদ জানান, তাঁর পরিষদ হতে নারীদের উন্নয়নে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে পুরুষদের পাশাপাশি নারীদের অংশগ্রহণের সুযোগ দেয়া হয়। যেমন-অতিদরিদ্রের জন্য ৫০% নারীদের সুযোগ দেয়া হয়।

চেয়ারম্যান মূলগ্রাম ইউনিয়ন পরিষদ জানান, তাঁর পরিষদে নারীদের উন্নয়নের জন্য ৪০ দিনের সরকারী কর্মসূচীতে ৫০% নারী শ্রমিকদের নিয়োগ দেওয়া হয়।এছাড়া,মহিলাদের বিনামূল্যে সেলাই,মৎস্য চাষ,গবাদি পশুপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

চেয়ারম্যান বিনাউটি ইউনিয়ন পরিষদ জানান, তাঁর পরিষদ হতে নারীদের উন্নয়নে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন করা হয়েছে। উপজেলা প্রানিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে মহিলাদের বিনামূল্যে হাঁস-মুরগী পালন,গবাদি পশুপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।এছাড়া নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ,যৌতুক, নারী নির্যাতন, যৌন হয়রানী, নারীর আইনগত অধিকার ইত্যাদি বিষয়ে উঠান বৈঠক ও আলোচনার সভার মাধ্যমে সকলকে সচেতন করা হচ্ছে।

সভাপতি নারীদের উন্নয়নে দপ্তর ভিত্তিক যে উন্নয়ন কার্যক্রমসমুহ চালু আছে তা রাখার পাশাপাশি নারীদের উন্নয়নে আরো ব্যাপক কর্মসূচী গ্রহণের অনুরোধ জানান।
অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ফারহানা সিদ্দিকী

ফারহানা সিদ্দিকী
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়নের স্থায়ী কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং ৩২.০১.১২৬৩.০০০.০৬.১১১.১৭- ৮১২

তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষ,কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৩। উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।

৪। চেয়ারম্যান,................................ ইউনিয়ন, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৫। .... , কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৬। অফিস নথি।

08.08.2023

রওনক ফারজানা রুবা

সদস্য-সচিব
মহিলা ও শিশু উন্নয়নের স্থায়ী কমিটি
ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।